



প্রেস বিজ্ঞপ্তি

০৪ ডিসেম্বর, ২০১৬

রাজধানীর মহাখালীর কড়াইল বস্তির পাঁচ শতাধিক ঘর এবং কয়েকশ দোকান এর একটি অংশ আগুনে পুড়ে যাওয়ার এবং হতাহত হওয়া ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর গভীর উদ্বেগ প্রকাশ এবং ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন ও ক্ষতিপূরণ প্রদানের জোর দাবী জানাচ্ছে

বিভিন্ন পত্র-পত্রিকায় ও যোগাযোগ মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, আজ ০৪ ডিসেম্বর ২০১৬ তারিখ রোববার বেলা আড়াইটার দিকে রাজধানীর মহাখালীর কড়াইল বস্তির প্রায় পাঁচশ ঘর ও কয়েকশ দোকান আগুনে পুড়ে গেছে এবং বহুলোক হতাহত হয়েছেন।

গত নয় মাসের ব্যবধানে রাজধানীর মহাখালীর কড়াইল বস্তিতে ২বার আগুন লেগেছে। এর আগে গত ১৪ মার্চ ঢাকার অন্যতম বৃহৎ এই বস্তিতে আগুন লেগে অর্ধশত ঘর পুড়ে যায়, অন্তত দুই জন আহত হন। দেশের বিভিন্ন অঞ্চলের নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত মানুষ ঐ স্থানে বসবাস করে আসছে। এদের অধিকাংশই গার্মেন্টস শ্রমিক, দিন মজুর ও নির্মাণ শ্রমিক।

উল্লেখ্য, রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধানের ৩১ ও ৩২ অনুচ্ছেদ অনুসারে, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের এবং আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রয়েছে। পাশাপাশি সংবিধানের ২৮(১) অনুচ্ছেদ অনুসারে, ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না।

এছাড়াও ১৯৯৩ সালের জাতীয় গৃহায়ণ নীতিতে (১৯৯৯ সালে সংশোধিত) বলা হয়েছে পূর্ববাসন ছাড়া কোন বস্তি উচ্ছেদ করা যাবে না।

ব্লাস্ট এ ধরনের ঘটনায় গভীর উদ্বেগ জানাচ্ছে এবং অগ্নিকাণ্ডের সঠিক কারন অনুসন্ধানপূর্বক ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রাপ্তিসহ পুনর্বাসনের জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd